**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 29-03-24** **Desk in Charge :**

**Time : 7-50 P.M.** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ ভোট প্রচার ও রাজনৈতিক দলগুলির কার্যকলাপ নিয়ে সি-ভিজিল অ্যাপে জমা পড়া অভিযোগগুলির প্রায় ১০০ শতাংশ নিষ্পত্তি করা হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২/ কেন্দ্রীয় সরকার ও বিজেপির বিরুদ্ধে আদর্শ আচরণ বিধি লঙ্ঘনের অভিযোগ তুলে কমিশনের দ্বারস্থ হয়েছে তৃণমূল কংগ্রেস। #মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে মন্তব্যের প্রেক্ষিতে কমিশনের শো-কজের জবাব দিয়েছেন, বর্ধমান-দুর্গাপুর কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ।

৩/ আসন্ন লোকসভা নির্বাচনে কংগ্রেস এবং ISF-এর সঙ্গে জোটের সম্ভাবনা খুলে রেখেই বামফ্রন্ট আজ এরাজ্যের দু'টি লোকসভা আসনে প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

# তৃণমূল কংগ্রেস বরাহনগর ও ভগবানগোলা বিধানসভার উপ নির্বাচনের জন্য দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

৪/ চলতি খরিফ মরসুমে এখনো পর্যন্ত প্রায় ৩৯ লক্ষ টন ধান সংগ্রহ করেছে খাদ্য দপ্তর। # নির্বাচন চলাকালীন'ও ধান সংগ্রহ ও গণবন্টন ব্যবস্থা সচল রাখতে বিশেষ উদ্যোগ দপ্তরের।

৫/ কলকাতা সহ দক্ষিণবঙ্গে তাপমাত্রার পারদ ঊর্ধমুখী। পশ্চিমের জেলাগুলিতে ৪০ ডিগ্রি ছুঁতে পারে সর্ব্বোচ্চ তাপমাত্রা।

৬/ IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আজ রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হয়েছে।

*****************************************************************

ভোট প্রক্রিয়া ও রাজনৈতিক দলগুলির কার্যকলাপ নিয়ে নির্বাচন কমিশনের সি-ভিজিল অ্যাপে জমা পড়া অভিযোগের প্রায় একশ শতাংশ নিষ্পত্তি করা হয়েছে বলে কমিশন জানিয়েছে। লোকসভা ভোট ঘোষণার পর দেশজুড়ে সি-ভিজিল অ্যাপের মাধ্যমে সারা দেশে ৭৯ হাজার অভিযোগ জমা পড়েছে। যার মধ্যে ৮৯ শতাংশ অভিযোগ জমা পড়ার ১০০ মিনিটের মধ্যে নিষ্পত্তি করা হয়েছে বলে কমিশন সূত্রে খবর। বেআইনি হোর্ডিং নিয়ে ৫৮ হাজারের বেশি অভিযোগ জমা পড়েছিল। ভোটারদের প্রভাবিত করতে উৎকোচ বা উপহার বিলি সংক্রান্ত ১ হাজার ৪০০ অভিযোগ জমা পড়ে। ভয় দেখানো এবং অস্ত্র প্রদর্শনের ৫৩৫ টি অভিযোগ জমা পড়ে। যার মধ্যে ৫২৯ টি অভিযোগের ইতিমধ্যেই নিষ্পত্তি হয়েছে। সি ভিজিল অ্যাপএর মাধ্যমে আদর্শ নির্বাচন আচরণ বিধি লঙ্ঘনের উপরে অনেকটাই লাগাম টানা সম্ভব হয়েছে বলে কমিশন জানিয়েছে।

********************

কমিশন, তৃণমূল কংগ্রেসকে বহরম অপুরের প্রার্থী ইউসুফ পাঠানের সঙ্গে শচিন তেন্ডুলকারের বিশ্বকাপ জয়ের ছবি নির্বাচনের প্রচারে ব্যবহার না করার নির্দেশ দিয়েছে। ইতিমধ্যেই লাগানো হোর্ডিং গুলো খুলে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে।

********************

কেন্দ্রীয় সরকার ও বিজেপির বিরুদ্ধে আদর্শ আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস, নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। দলের সাংসদ ডেরেক ও ব্রায়ান এর নেতৃত্বে ৫ সদস্যের এক প্রতিনিধি দল আজ নতুন দিল্লিতে নির্বাচন কমিশনের সদর কার্যালয়ে গিয়ে দলের তরফে এসংক্রান্ত একটি চিঠি তুলে দেন। প্রতিনিধি দলের সদস্য রাজ্যের মন্ত্রী ডক্টর শশী পাঁজা বলেন, আদর্শ আচরণবিধির মধ্যেই কেন্দ্রীয় সরকারের নির্দেশে বিভিন্ন এজেন্সির তৎপরতা, নির্বাচনী প্রচারে বাধা সহ মোট তিনটি বিষয়ে অভিযোগ জানানো হয়েছে। আগামী সোমবার কমিশনের সঙ্গে এই বিষয়ে আলোচনা হবে বলে তিনি জানিয়েছেন।

( বাইট- শশী )

তৃণমূল কংগ্রেসের নির্বাচন কমিশনের দ্বারস্থ হওয়াকে কটাক্ষ করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, তৃণমূল কংগ্রেসের প্রার্থীর বিরুদ্ধে যে পদক্ষেপ করা হয়েছে তাঁর সঙ্গে নির্বাচনের কোন সম্পর্ক নেই। পশ্চিমবঙ্গে ক্ষমতাসীন সরকার বিভিন্ন ভাবে রাজ্যের মানুষের সঙ্গে প্রতারণা করেছে বলেও তিনি অভিযোগ করেন। দলের মুখপাত্র রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বলেন-

( বাইট- শমীক)

********************

বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ আজ তাঁর বিরুদ্ধে ওঠা নির্বাচনী আচরণ বিধি ভঙ্গের অভিযোগের জবাব দিয়েছেন। মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস প্রধান মমতা ব্যানার্জির বিরুদ্ধে দিলীপবাবু অশালীন ব্যবহার করেছেন এবং আদর্শ আচরণবিধি লঙ্ঘন করেছেন বলে, তৃণমূল কংগ্রেস কমিশনের দ্বারস্থ হয়। এর প্রেক্ষিতে নির্বাচন কমিশন ৪৮ ঘন্টার মধ্যে জবাব তলব করে।

এদিকে, প্রথম দফার নির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষার পর কোচবিহারে ৩ জনের প্রার্থীপদ বাতিল হয়েছে। এরা সকলেই নির্দল প্রার্থী। ১৭টি মনোনয়ন সেখানে জমা পড়েছিল।

এদিকে, জলপাইগুড়িতে বিভিন্ন দলের ১৩ জন মনোনয়ন জমা দিয়েছিলেন। এর মধ্যে একজনের প্রার্থীপদ বাতিল হয়ে গেছে বলে জেলাশাসক সামা পারভিন জানিয়েছেন। প্রার্থীপদ প্রত্যাহার করা যাবে ৩০-শে মার্চ পর্যন্ত। এই দফায় ভোট নেওয়া হবে কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ১৯-শে এপ্রিল ।

********************

আসন্ন লোকসভা নির্বাচনে কংগ্রেস এবং ISF-এর সঙ্গে জোটের সম্ভাবনা খুলে রেখেই আজ বামফ্রন্ট এরাজ্যের দুটি লোকসভা আসনে প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

আরামবাগে CPIM-এর প্রার্থী হচ্ছেন বিপ্লব কুমার মৈত্র।

অন্যদিকে, ঝাড়গ্রাম-ST আসনে CPIM-এর সোনামণি মুর্মু টুডু প্রতিদ্বন্দ্বিতা করবেন।

আগামী দু'দিনের মধ্যে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশিত হবে বলে, ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু আজ এক সাংবাদিক বৈঠকে জানান।

( বাইট- বিমান)

********************

তৃণমূল কংগ্রেস বরাহনগর ও ভগবানগোলা বিধানসভার উপনির্বাচনের জন্য দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে। অভিনেত্রী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়কে বরাহনগরে প্রার্থী করা হয়েছে। এই আসনে বিজেপি প্রার্থী করেছে সজল ঘোষকে। মুর্শিদাবাদের ভগবানগোলা বিধানসভার উপনির্বাচনে তৃণমূল কংগ্রেসের প্রার্থী হচ্ছেন রেয়াত হোসেন সরকার। এই আসনে বিজেপ প্রার্থী হয়েছেন ভাস্কর সরকার।

********************

রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের পাশাপাশি কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগকেও ভোট প্রচারে তুলে ধরতে হবে বলে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় নির্দেশ দিয়েছেন। দক্ষিণ ২৪ পরগনার আমতলায় আজ দলীয় নেতৃত্বের সঙ্গে অভ্যন্তরীণ বৈঠকে তিনি এই নির্দেশ দেন বলে সূত্রের খবর। বাড়ি বাড়ি প্রচারকেই তিনি বেশি গুরুত্ব দিয়েছেন।

উল্লেখ্য, ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের অন্তর্গত সাতটি বিধানসভা কেন্দ্রকে নিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায় তিন দিন ধরে বৈঠক করেন।

********************

সন্দেশখালিতে মানুষ মহিলাদের উপর যাবতীয় অত্যাচারের জবাব দেবেবলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি মন্তব্য করেছেন। আজ বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী সন্দেশখালির প্রতিবাদী রেখা পাত্রর সমর্থনে বসিরহাট শহরে এক পদযাত্রায় অংশ নেন বিরোধী দলনেতা। ছিলেন বিজেপি বিধায়ক সুব্রত ঠাকুর সহ অসংখ্য বিজেপি কর্মী সমর্থক। রাজ্যের শাসক দলকে নারী বিরোধী বলেও মন্তব্য করেন শুভেন্দু অধিকারি

(বাইট – শুভেন্দু বসিরহাট)

পদযাত্রা শেষে এক পথসভাতেও যোগ দিয়েছেন তিনি।

********************

উত্তর ২৪ পরগণার বসিরহাট লোকসভার সন্দেশখালির বেড়মজুর ১ নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকায় দলীয় পতাকা লাগানোকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। বেশ কয়েকজন আই.এস.এফ কর্মী আহত হন। আহতদের সরবেড়িয়া প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে নিয়ে যাওয়া হয়।

পাশাপাশি, ওই গ্রাম পঞ্চায়েতেরই মাদ্রাসা বুথ এলাকায় সিপিএম কর্মী হাকাম মোল্লাকেও পতাকা লাগানোর জন্য তৃণমূল নেতা শাহজাহান মোল্লার বিরুদ্ধে বেধড়ক মারধরের অভিযোগ উঠেছে। এই ঘটনায় স্থানীয় মহিলারা বিক্ষোভ দেখান। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রিয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-কে নিয়ে তৃণমূল কংগ্রেসের আইটি সেলের কথিতভাবে প্রকাশিত ব্যঙ্গচিত্রের কড়া সমালোচনা করেছে বিজেপি। পশ্চিমবঙ্গে দলের সহ পর্যবেক্ষক অমিত মালব্য এক্স হ্যান্ডলে লিখেছেন, নির্বাচন কমিশনের উচিত এব্যপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহন করা।

বিজেপির রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য ব্যাঙ্গচিত্রকে কদর্য ও কুরুচিকর বলে অভিহিত করেছেন। এতে সারা দেশের সামনে বাংলার ভাবমূর্তি কলুষিত হয়েছে বলেও তিনি মন্তব্য করেন।

প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর ছবি দিয়ে তৃণমূল কংগ্রেসের কুরুচিকর পোস্টের সমালোচনা করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর চৌধুরী। এই ঘটনাকে দুই দলের নাটক বলে তিনি উল্লেখ করেন।

********************

লোকসভা নির্বাচন চলাকালীনও সহায়ক মূল্যে ধান সংগ্রহ ও গণবণ্টন ব্যবস্থা সচল রাখতে খাদ্য দফতর উদ্যোগী হয়েছে। এই সংক্রান্ত কাজের সঙ্গে যুক্ত কর্মী আধিকারিকদের ভোট প্রক্রিয়ায় যুক্ত না করার জন্য জেলাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। সম্প্রতি রাজ্যে ধান সংগ্রহের অগ্রগতি পর্যালোচনা করতে খাদ্য দফতরের কর্তারা জেলাগুলির সঙ্গে এক উচ্চপর্যায়ের বৈঠকে বসেন। নির্বাচন পর্বে যাতে রেশন ব্যবস্থায় সঙ্কট তৈরি না হয় তা নিশ্চিত করতে বৈঠকে নির্দেশ দেওয়া হয়। খাদ্যের গুণমান ও ওজনের উপর নজরদারি বৃদ্ধিরও নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে চলতি খরিফ মরশুমে এখনও পর্যন্ত প্রায় ৩৯ লক্ষ টন ধান সংগ্রহ করা হয়েছে। খরিফ মরশুমের মেয়াদ অর্থাৎ সেপ্টেম্বর মাস পর্যন্ত ৭০ লক্ষ টন ধানক্রয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

********************

রেলওয়ে নিরাপত্তা বিভাগের মুখ্য কমিশনার জনক কুমার গর্গ, আজ মেট্রো রেলের বেলেঘাটা থেকে হেমন্ত মুখোপাধ্যায় অরেঞ্জ লাইন পরিদর্শন করেন। বর্তমানে এই লাইনে কবি সুভাষ থেকে হেমন্ত মুখোপাধ্যায় স্টেশন পর্যন্ত মেট্রো চলাচল করে। শ্রী গর্গ গতকাল বেলেঘাটা, বরুণ সেনগুপ্ত, ঋত্বিক ঘটক ও ভিআইপি বাজার স্টেশনের - প্রবেশ - প্রস্থান দ্বার, এএফসি - পিসি দ্বার, টিকেটিং ব্যবস্থা, লিফট, এস্ক্যালেটর, দিক নির্দেশক বোর্ড সহ একাধিক বিষয় ঘুরে দেখেন। পরে মেট্রো রেল ও রেল বিকাশ নিগম লিমিটেডের আধিকারিকদের সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠকে মিলিত হন।
এব্যাপারে রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র বলেন-

(বাইট- কৌশিক)

********************

কলকাতা-সহ দক্ষিণবঙ্গের তাপমাত্রার পারদ ক্রমশঃ ঊর্ধ্বমুখী। এখনই গরমের হাত থেকে স্বস্তি মিলবে না বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

আগামী কয়েকদিনের মধ্যে রাজ্যের পশ্চিমাঞ্চলে সর্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রির কাছাকাছি চলে যেতে পারে বলে জানিয়েছেন আবহবিদ সোমনাথ দত্ত।

( বাইট- সোমনাথ দত্ত )

এদিকে, আজ কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রি বেশী। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৪ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

দু'একদিনের মধ্যে কলকাতার তাপমাত্রা আরো দু-তিন ডিগ্রি বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। তবে সপ্তাহান্তে কোনও কোনও জায়গায় বজ্রগর্ভ মেঘ থেকে বিক্ষিপ্তভাবে ঝড়-বৃষ্টি হতে পারে।

********************

ব্যাঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে আজ আইপিএলের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মুখোমুখি হয়েছে। কলকাতা টসে জিতে বেঙ্গালুরুকে ব্যাট করতে পাঠিয়েছে।

************************************************************